কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

আরও চাকরির খবর ভেতরের পাতায়

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ৪৫ কলকাতা বুধবার, ৮ জুন ২০২২/১ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৫৬৩৬
## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৫,৬৩৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলের একাধিক ইউনিটের ডিভিশন ও ওয়ার্কশপে এক বছরের ট্রেনিং দেওয়া হবে মেশিনিস্ট, ওয়েল্ডার, ফিটার-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ম্যাসন ট্রেডের ক্ষেত্রে বিল্ডিং কনস্ট্রাক্টর, লাইনম্যান ট্রেডের ক্ষেত্রে ওয়্যারম্যান ট্রেড গ্রাহ্য হবে।

**কোন ডিভিশনে কত আসন**: **আলিপুরদুয়ার ডিভিশন**: ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: ওয়েল্ডার: ১০টি। ফিটার: ৪০টি। ডিজেল মেকানিক: ২০টি। ইলেক্ট্রিশিয়ান: ২০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক: ২০টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ১১৬টি। লাইনম্যান: ৩০টি।

ডিপার্টমেন্ট: সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইন্টেন্যান্স: ৬০টি।

ডিপার্টমেন্ট: ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার: ৩৫টি। প্লাম্বার: ১৫টি। ম্যাসন: ৮৫টি। পেইন্টার: ৭১টি।

মোট আসনের মধ্যে ২১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫২টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**কাটিহার ডিভিশন**: ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: মেশিনিস্ট: ২০টি। ওয়েল্ডার: ৫০টি। ফিটার: ১০০টি।

*এরপর সাতের পাতায়*

## আই ডি বি আই ব্যাঙ্কে
## ১৫৪৪ এক্সিকিউটিভ

এক্সিকিউটিভ পদে ১,০৪৪ জনকে নেবে আই ডি বি আই ব্যাঙ্ক। এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে। ৩ বছরের চুক্তি শেষে ব্যাঙ্কের চয়ন প্রক্রিয়া অনুসারে নিয়োগ করা হতে পারে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড এ) পদে।

এর পাশাপাশি ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করিয়ে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড এ) পদে আরও ৫০০ জনকে নিয়োগ করা হবে। ব্যাঙ্কিং ও ফিনান্সের ১ বছর মেয়াদের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটি ব্যাঙ্কের সঙ্গে যৌথ উদ্যোগে করাবে বেঙ্গালুরুর মণিপাল গ্লোবাল এডুকেশন সার্ভিসেস এবং গ্রেটার নয়ডার নিট এডুকেশন ইন্টারন্যাশনাল। কোর্সের মোট মেয়াদের ৩ মাস আই ডি বি আই ব্যাঙ্কের বিভিন্ন শাখায় ইন্টার্নশিপ করতে হবে। সফল ভাবে ট্রেনিং শেষে প্রবেশন ১ বছরের।

*এরপর তিনের পাতায়*

## হকিন্সে
### ম্যানেজমেন্ট ট্রেনি

বছরের বিভিন্ন সময় ম্যানেজমেন্ট ট্রেনি নিয়োগ করে হকিন্স। বিপণনের চাকরি। ট্রেনিংয়ের সময় বছরে বেতন ৮-১০ লক্ষ টাকা। ১৮ মাসের ট্রেনিং শেষে উচ্চ পদে নিয়োগ করা হয়। তখন বছরে বেতন ১০-১২ লক্ষ টাকা। সর্বভারতীয় চাকরি। সদ্য গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করা হয় প্রথম ধাপে দরখাস্ত যাচাই এবং দেশের বিভিন্ন বড় শহরে আয়োজিত লিখিত পরীক্ষার মাধ্যমে। তারপর মুম্বইয়ে গ্রুপ ডিসকাশন ও ফাইনাল ইন্টারভিউ।

এই চাকরির জন্য অনলাইন আবেদন করা যাবে সংস্থার এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hawkins.in/jobs. শিক্ষাগত যোগ্যতা, বয়স, মোবাইল ফোন নম্বর, অভিজ্ঞতা (থাকলে) ইত্যাদি উল্লেখ করে অফলাইন দরখাস্তও পাঠানো যাবে। সেইসঙ্গে 'Reasons why I am interested in this job'

*এরপর ছয়ের পাতায়*

## দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে ৪৬৫ অ্যাপ্রেন্টিস

৪৬৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ-পূর্ব-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, মেকানিক্যাল, ওয়েল্ডার-সহ বিভিন্ন ট্রেডে, সংস্থার বিলাসপুর ডিভিশনে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: P/BSP/Act Apprentice/Notification/2022-23. ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: কার্পেন্টার: ১৩টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৯০টি, ড্রাফটসম্যান (সিভিল): ২টি, ইলেক্ট্রিশিয়ান: ৫২টি, ইলেক্ট্রনিক মেকানিক: ৬টি, ফিটার: ১৩৫টি, মেশিনিস্ট: ৫টি, পেইন্টার: ১৫টি, প্লাম্বার: ৪টি, মেকানিক (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং): ১৫টি, শীট মেটাল ওয়ার্ক: ১০টি, স্টেনো (ইংলিশ): ৩০টি, স্টেনো (হিন্দি): ৩০টি, টার্নার: ৫টি, ওয়েল্ডার: ২০টি, ওয়্যারম্যান: ২৫টি, গ্যাস কাটার: ৪টি, ডিজিটাল ফটোগ্রাফার: ৪টি।

ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা: সাধারণ ১৯০, তফসিলি জাতি ৭৭, তফসিলি উপজাতি ৩৫, ও বি সি ১১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৪৭। এর মধ্যে ১৭টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ৪৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ১-৭-২০২২ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন

*এরপর ছয়ের পাতায়*

## বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৭৬
## স্টোর কিপার ও মাল্টি স্কিল্ড ওয়ার্কার

মাল্টি স্কিল্ড ওয়ার্কার এবং স্টোর কিপার টেকনিক্যাল পদে ৮৭৬ জনকে নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধু পুরুষরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2022.

উল্লেখ্য, প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে কর্মক্ষেত্র-র ১ জুন সংখ্যায় 'বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৭৬' শিরোনামে আগাম এই নিয়োগের খবর প্রকাশিত হয়েছিল। এই সংখ্যায় বিস্তারিত তথ্য-সহ পূর্ণাঙ্গ খবর প্রকাশিত হল।

শূন্যপদের বিবরণ: মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ড্রাইভার ইঞ্জিন স্ট্যাটিক): ৪৯৯টি (সাধারণ ১৬৪, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৫০, ও বি সি ১৭৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে মেকানিক মোটর ভেহিক্যাল বা ট্র্যাক্টর ট্রেডে আই টি আই সার্টিফিকেট বা ইন্ডাস্ট্রিয়াল ট্রেড সার্টিফিকেট বা এন সি টি ভি টি সার্টিফিকেট থাকতে হবে। অথবা ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে ড্রাইভার প্লান্ট অ্যান্ড মেকানিক্যাল ট্রান্সপোর্ট ক্লাস-টু কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

*এরপর সাতের পাতায়*

## উত্তর ২৪ পরগনায় ২২৪ আশা কর্মী

২২৪ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। ন্যাশনাল হেলথ মিশনের অধীনে উত্তর ২৪ পরগনার বসিরহাট সাব ডিভিশনের বিভিন্ন হেলথ সাব সেন্টারে ভলান্টারি ভিত্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। যে গ্রামের হেলথ সাব সেন্টারে আবেদন করবেন, প্রার্থীকে সেই গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। অবিবাহিতারা আবেদন করবেন না। এই নিয়োগের মেমো নম্বর: HFW/NRHM-20/2006/lPart-II)/1631.

**ব্লক অনুসারে শূন্যপদ**: বাদুড়িয়া, বসিরহাট-১, বসিরহাট-২, হাড়োয়া, হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ, মিনাখাঁ, সন্দেশখালি-১, সন্দেশখালি-২, স্বরূপনগর ব্লকের প্রতিটি সার্ভিস এরিয়ায় ১টি করে শূন্যপদ।

গ্রেড ওয়ান এবং গ্রেড টু সেল্ফ হেল্প গ্রুপ মেম্বার, প্রশিক্ষিত ধাই, লিঙ্ক ওয়ার্কাররা অগ্রাধিকার পাবেন।

**ব্লক অনুসারে সাব সেন্টার ও সার্ভিস এরিয়ার নাম**: **ব্লক**: বাদুড়িয়া— সাব সেন্টার: সালুয়া— সার্ভিস এরিয়া: কোতলবের। সাব সেন্টার: রাজবেরিয়া— সার্ভিস এরিয়া: কাজি পাড়া, পশ্চিম পাড়া, মাঝের পাড়া, মাঠ পাড়া, উত্তর পাড়া, বাঙাল পাড়া, সরলতোলা। সাব সেন্টার: রুদ্রপুর— সার্ভিস এরিয়া: দক্ষিণ সিমলা (কর্মকার পাড়া, মেছো পাড়া, খেজুরসারি পাড়া, মাঠ পাড়া), পূর্ব সিমলা (আদিবাসী পাড়া, দক্ষিণ পাড়া, উত্তর পাড়া)। সাব সেন্টার: শায়েস্তানগর— সার্ভিস এরিয়া:

*এরপর আটের পাতায়*

## কারিগরি শিক্ষার তিনটি ডিগ্রি কোর্স
### ব্রডকাস্ট জার্নালিজম • পাবলিক রিলেশনস • প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিং

**নিজস্ব প্রতিনিধি**: প্রতিটি ছাত্রছাত্রী চায় কর্মদক্ষতা ও কুশলতা বাড়িয়ে নিজেকে চাকরির উপযোগী করে তুলতে। সাবেকি শিক্ষার পাশাপাশি তাই ছাত্রছাত্রীদের আগ্রহ বেড়েছে কারিগরি, কর্মমুখী শিক্ষার প্রতি। কারিগরি, কর্মমুখী শিক্ষার উৎকর্ষ সাধনে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন সারা দেশজুড়ে ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্কের (NSQF) মাপকাঠি অনুসরণ করে চালু করেছে বি ভোক (B VOC) ডিগ্রি প্রোগ্রাম।

### বি ভোক কোর্স কী?

২০১৩ সালে কেন্দ্রীয় সরকার মাল্টি পয়েন্ট এক্সিটের সুবিধা-সহ বি ভোক ডিগ্রি প্রোগ্রাম চালু করে। এটি কারিগরি শিক্ষার কোর্স। ২০১৪ সালে বি ভোক কোর্স স্নাতকের সমতুল মর্যাদা পেয়েছে। অর্থাৎ প্রথাগত পড়াশোনার ক্ষেত্রে যেমন বিএ, বি এসসি, বি কম ইত্যাদি ডিগ্রি পাওয়া যায়, বি ভোক কোর্সে ভর্তি হয়েও ছাত্রছাত্রীরা ব্যাচেলর ডিগ্রি অর্জন করতে পারেন। সেই সঙ্গে এই বছর থেকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন বা ইউ জি সি) ডুয়াল বা জোড়া-ডিগ্রি অর্জনে অনুমোদন দিয়েছে। অর্থাৎ কোনও ছাত্র বা ছাত্রী একই সঙ্গে সরকার অনুমোদিত দু'টি ডিগ্রি কোর্সে ভর্তি হতে পারবেন। যেসব ছাত্রছাত্রী বি এ, বি এসসি, বি কম, বি বি এ-র মতো কোর্সে ভর্তি হবেন বা হয়েছেন তাঁরা এই শিক্ষাবর্ষ থেকে একই সঙ্গে বি ভোক কোর্সেও ভর্তি হতে পারবেন। এই সুযোগ ছাত্রছাত্রীদের কেরিয়ার তৈরির ক্ষেত্রে নিঃসন্দেহে সুবিধা করে দেবে।

এছাড়াও বি ভোক কোর্সের আরেকটি সুবিধা হল, উচ্চমাধ্যমিক পাশ যে-কোনও বয়সের, যে-কোনও শাখার ছাত্রছাত্রী, এমনকী ভোকেশনাল কোর্সে উচ্চমাধ্যমিক পাশ করা ছাত্রছাত্রীরাও এই কোর্সে ভর্তি হতে পারেন। তিন বছরের বি ভোক কোর্সের পাঠ্যক্রম বর্তমানে ইউ জি সি-র নির্দেশানুসারে চয়েস বেস্ট ক্রেডিট সিস্টেমে (CBCS) ছ'মাসের ছ'টি সেমিস্টারে বিভক্ত। প্রতিটি সেমিস্টারে স্কিল কম্পোনেন্ট ও জেনারেল কম্পোনেন্ট-এর উপর যথাক্রমে ১৮ ক্রেডিট ও ১২ ক্রেডিটের পরীক্ষা নেওয়া হয়।

ব্যাচেলর ডিগ্রি স্তরে ছাত্রছাত্রীদের একই সঙ্গে বিষয়গত শিক্ষার মাধ্যমে প্রথাগত জ্ঞান অর্জন ও কারিগরি শিক্ষার মাধ্যমে হাতে-কলমে শেখার সুযোগ করে দিতেই ডুয়াল ডিগ্রি চালু করা হয়েছে। পশ্চিমবঙ্গে এই ধরনের

*এরপর ছয়ের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# আই ডি বি আই ব্যাঙ্কে ১৫৪৪ এক্সিকিউটিভ

*প্রথম পাতার পর*

উভয় ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/2022-23.

**শূন্যপদের বিবরণ: এক্সিকিউটিভ:** মোট শূন্যপদ ১,০৪৪টি (সাধারণ ৪১৮, তফসিলি জাতি ১৭৫, তফসিলি উপজাতি ৭৯, ও বি সি ২৬৮, আর্থিক ভাবে অনগ্রসর ১০৪)। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত, অস্থিসংক্রান্ত এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য ১০টি করে শূন্যপদ ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১১টি শূন্যপদ সংরক্ষিত।

**বয়স:** ১-৪-২০২২ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ২৯,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩১,০০০ টাকা এবং তৃতীয় বছরে প্রতি মাসে ৩৪,০০০ টাকা।

**আসনসংখ্যার বিবরণ: পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স ইন ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স, ২০২২-২৩:** মোট শূন্য আসন ৫০০টি (সাধারণ ২০০, তফসিলি জাতি ১২১, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ১০১, আর্থিক ভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত, অস্থিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য ৫টি করে শূন্য আসন সংরক্ষিত।

**বয়স:** ১-৪-২০২২ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** থাকার খরচ-সহ ৩ লক্ষ ৫০ হাজার টাকা। আই ডি বি আই ব্যাঙ্ক থেকেই শিক্ষাঋণ পাওয়া যাবে। **স্টাইপেন্ড:** ডিপ্লোমা কোর্স চলাকালীন (প্রথম ৯ মাস) স্টাইপেন্ড প্রতি মাসে ২,৫০০ টাকা। এরপর ইন্টার্নশিপ চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১০,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড এ) পদে নিয়োগের পর বেতনক্রম: ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় ক্ষেত্রেই যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সঙ্গে কম্পিউটার অপারেশনস বা ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা স্কুলে বা কলেজে বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

উভয় ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

উভয় ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য অতিরিক্ত নেওয়া হবে পার্সোনাল ইন্টারভিউ। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংরেজি (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) এবং জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস/কম্পিউটার/ইনফর্মেশন টেকনোলজি (৬০ নম্বর)। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

পরীক্ষার সম্ভাব্য তারিখ এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৯ জুলাই এবং ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য ২৩ জুলাই।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি। তফসিলি এবং ও বি সি প্রার্থীদের নিখরচায় পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হবে দেশ জুড়ে বিভিন্ন কেন্দ্রে। আগ্রহীরা দেখুন সংশ্লিষ্ট ব্যাঙ্কের ওয়েবসাইট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbibank.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ১৭ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। ওয়েবসাইটে প্রথমে রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন। মনে রাখবেন, যে-কোনও একটি ক্ষেত্রের জন্যই আবেদন করা যাবে।

দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে কালো কালিতে প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি দিতে হবে অনলাইনে ডেবিট কার্ড (মাস্টার/ভিসা/রুপে/মায়েস্ত্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেট বা আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস)-এর মাধ্যমে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। এছাড়াও অনলাইন দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।


বিজ্ঞাপন

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

**স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্‌থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্যঃ (১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্‌থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন with Yoga, (৫) মেডিক্যাল ইকুইপমেন্ট টেকনিশিয়ান with Xray, (৬) ANM নার্সিং কোর্স (৭) জেনারেল ডিউটি অ্যাসিসটেন্ট (GDA)।

আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন

কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। **সোদপুর ঃ 9073943491/9073943497, মৌলালী ঃ 9874747039/9830008223, বাঘাযতীনঃ 9874644112, হাওড়াঃ 9051013504, ব্যারাকপুরঃ 9874644116, বনগাঁও ঃ 9874673000, কোন্নগরঃ 7603095066, দুর্গাপুরঃ 9874747031, রায়গঞ্জঃ 9874644113, পশ্চিম মেদিনীপুরঃ 9073915861, মালদা ঃ 9051013501, বালুরঘাটঃ 9874747032, শিলিগুড়ি ঃ 9051013502, জলপাইগুড়ি ঃ 9874644115, কোচবিহার ঃ 9874644114। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। Asst. Nursing/GDA কোর্সের আবেদনপত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।**

Advt






**Rank No. 1**

**SBIHM** School of Management

**GREEN CAMPUS BARASAT**




- Hotel Management
- Hospital Management
- Hospitality Management
- BBA, BCA, Media Science
- Agriculture
- Tourism Management

**SBIHM Green** ক্যাম্পাসের আয়তন প্রায় ৩.৫ একর। ছাত্রছাত্রীদের জন্য রয়েছে উন্নত মানের প্রযুক্তির সুবিধা সহ থিওরি ক্লাসরুম, প্র্যাকটিক্যাল ল্যাব। এছাড়া দেশ ও বিদেশের বইয়ে ঠাসা লাইব্রেরী, কনফারেন্স রুম এবং ল্যাঙ্গুয়েজ ল্যাব। ছাত্র ও শিক্ষকের রেশিও হল ১৫ঃ১। সপ্তাহে ৫দিন থিওরী ও প্র্যাকটিক্যাল ক্লাস হয়। প্রতিটি কোর্সে দেশে ও বিদেশের নামকরা ফাইভস্টার হোটেল, মাল্টিস্পেশালিটি, সুপারস্পেশালিটি হসপিটাল, রিয়াল এস্টেট, ব্যাংক, এফএমসিজি, সিমেন্ট সংস্থা, বিমা, ফিন্যান্স, ট্র্যান্সপোর্ট, পেট্রোকেমিক্যালস, পাবলিশিং হাউস, মিডিয়া হাউস, ট্যুরিজম, আইটি কোম্পানী এবং কর্পোরেট সেক্টরে ট্রেনিং ও চাকরির সুযোগ রয়েছে। এখান থেকে ছাত্রছাত্রীরা পাশ করে বিদেশে পাড়ি দেয়। তাইতো প্রায় ৬০০০ বেশি ছাত্রছাত্রীরা ভারত সহ ইংল্যান্ড, আমেরিকা, দুবাই, সিঙ্গাপুর, ইটালী, মালয়েশিয়া, মরিশাস, থাইল্যান্ডে কর্মরত ম্যানেজমেন্টের নানান পদে।

**Scholarships**

SBIHM provides Scholarship to Wards of Military Personnel, Kanyashree, ST, SC, OBC, Physically Challenged candidate.

**Application Kit**

Collect Online or Offline Application Form & Prospectus by Rs. 800/- .

**SBIHM Green Campus**

**Barasat** - State University Road, Jagannathpur, Kolkata - 700126, Bus Stop : Kajibari, Ph : 89102 72965

**SBIHM Biswa Bangla Campus**

**New Town** - Action Area - 1, Jatragachi, Kolkata - 700161, Ph : 8420465251

**SBIHM SCHOOL OF MANAGEMENT**

89102 72965 7980094517 www.sbihmit.com

# কারেন্ট অ্যাফেয়ার্স

১১ মে-১৭ মে

**১১ মে** মোহনবাগান ক্লাবের প্রেসিডেন্ট পদে থেকে গেলেন টুটু বসুই। নব নির্বাচিত মোহনবাগান কমিটির প্রেসিডেন্ট কে হবেন তা নিয়ে ক্লাবের কর্মসমিতির সভায় সর্বসম্মতিক্রমে টুটু বসুকেই প্রেসিডেন্ট পদে রেখে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। ক্লাবের সচিব দেবাশিস দত্ত এ খবর জানান। সাংসদ, ফুটবলার প্রসূন বন্দ্যোপাধ্যায় টুটুকে শুভেচ্ছা জানিয়ে বলেন, 'ক্লাবের নেতৃত্ব যোগ্য লোকের হাতেই থাকল।'

## নেপাল সফরে মোদী



**১৬ মে:** নেপাল সফরে গিয়ে বুদ্ধদেবের জন্মস্থান লুম্বিনিতে সে দেশের প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকের পরে নেপালের সঙ্গে জলবিদ্যুৎ শক্তি-সহ বিভিন্ন ক্ষেত্রে ছ'টি চুক্তিপত্রে সই করল ভারত। প্রধানমন্ত্রী মোদী বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে লুম্বিনি গিয়ে ভারত-নেপাল বন্ধুত্বের কথা তুলে ধরেন। মোদীর কথায় 'ভারত ও নেপালের সম্পর্ক হিমালয়ের মতো অটুট। উভয় দেশই বুদ্ধের মতাদর্শ নিয়ে আন্তর্জাতিক সমস্যা সমাধানে কাজ করবে।' এদিন যে চুক্তিপত্রে সই হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য ভারতের 'শতদ্রু জলবিদ্যুৎ নিগম' এবং 'নেপাল ইলেক্ট্রিসিটি বোর্ড'-এর মধ্যে জলবিদ্যুৎ প্রকল্প। বলা হয়েছে, এই প্রকল্পের ফলে প্রতিবছর ২,১০০ মিলিয়ন ইউনিট শক্তি উৎপাদিত হবে।

**১২ মে** ভারতের মুখ্য নির্বাচন কমিশনারের পদে নিযুক্ত হলেন রাজীব কুমার। তিনি হলেন ১৯৮৪ ব্যাচের আইএএস ক্যাডার। ১৫ মে দায়িত্ব নিলেন তিনি। ২০২০ সালের সেপ্টেম্বর মাসে দেশের নির্বাচন কমিশনে যোগ দিয়েছিলেন রাজীব কুমার। এর আগে একাধিক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব সামলেছেন তিনি। সেন্ট্রাল বোর্ড অব রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া, এসবিআই, নাবার্ডের ডিরেক্টর পদে ছিলেন তিনি। ইকোনমিক ইনটেলিজেন্স কাউন্সিল ও ফিনানশিয়াল স্টেবিলিটি অ্যান্ড ডেভেলপমেন্ট কাউন্সিলেরও সদস্য ছিলেন তিনি।

**এয়ার ইন্ডিয়ার চিফ এগজিকিউটিভ** অফিসার (সিইও) ও ম্যানেজিং ডিরেক্টর হিসেবে নিযুক্ত হলেন ক্যাম্পবেল উইলসন। এদিন টাটা সন্স-এর তরফে এই ঘোষণা করা হয়েছে। সিঙ্গাপুর এয়ারলাইন্সের সম্পূর্ণ মালিকানাধীন শাখা সংস্থা স্কুট-এর সিইও ছিলেন ক্যাম্পবেল। দায়িত্ব নেওয়ার পর ক্যাম্পবেল বলেন, 'আইকনিক এয়ার ইন্ডিয়ার নেতৃত্ব দান করার সুযোগ পাওয়ার জন্য নির্বাচিত হওয়া এবং অত্যন্ত সম্মানিত টাটা গোষ্ঠীর অংশ হতে পারাটা আমার কাছে সম্মানের।'

**ভূস্বর্গে ফের জঙ্গি হামলায় খুন হলেন** এক কাশ্মীরি পণ্ডিত রাহুল ভাট (৩৬)। এদিন বদগামে তহশিলদারের অফিসে ঢুকে সেখানকার কর্মী রাহুলকে সামনে থেকে গুলি করে জঙ্গিরা। গত কয়েকমাস ধরেই জম্মু-কাশ্মীরে পরিযায়ী শ্রমিক, কাশ্মীরি পণ্ডিতদের উপর একের পর এক হামলার ঘটনা ঘটছে। এদিনের হামলার ঘটনায় জৈশ-ই-মহম্মদ জঙ্গিগোষ্ঠীর হাত রয়েছে বলে মনে করছে পুলিশ।

**১৩ মে** ইউক্রেনের রাজধানী কিইভে আবারও খুলল ভারতীয় দূতাবাস। সেখানে আগের মতোই কর্মীরা কাজকর্ম করবেন বলে নয়াদিল্লি এক বিজ্ঞপ্তি জারি করে। ইউক্রেনে রাশিয়ার সামরিক অভিযান শুরু হওয়ার কয়েকদিনের মধ্যেই দূতাবাস সাময়িক ভাবে পোল্যান্ডে সরিয়ে নেয় ভারত। যদিও ইউক্রেনে সংঘর্ষ শেষ হওয়ার আগেই এমন সিদ্ধান্তের যৌক্তিকতা নিয়ে নয়াদিল্লি কোনও মন্তব্য করেনি।

**১৪ মে** কৃষ্ণসার হরিণ হত্যা ও পাচার রুখতে গিয়ে পাচারকারীদের গুলিতে প্রাণ হারালেন মধ্যপ্রদেশের তিন পুলিশকর্মী। সংঘর্ষে এক পাচারকারীও নিহত হয়েছে। ঘটনাটি সে রাজ্যের গুনা জেলার। বেশ কয়েকজন পাচারকারী মোটরবাইকে চম্পট দেয় বলে পুলিশের দাবি। পাচারকারীদের এই বেপরোয়া তাণ্ডবে উদ্বেগ প্রকাশ করেছে প্রশাসন। হত তিন পুলিশকর্মীর পরিবারকে ১ কোটি টাকা করে ক্ষতিপূরণ এবং পরিবারপিছু একজনকে চাকরি দেওয়ার কথা ঘোষণা করেছে সরকার।

## দিল্লিতে ভয়াবহ অগ্নিকাণ্ডে মৃত ২৭



**১৩ মে:** পশ্চিম দিল্লির মুণ্ডকা মেট্রো স্টেশন লাগোয়া চারতলা বাণিজ্যিক ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে দগ্ধ ও দমবন্ধ হয়ে মৃত্যু হল অন্তত ২৭ জনের। প্রবীণ কংগ্রেস নেতা মণিশঙ্কর আইয়ার অভিযোগ করলেন এত বড় অফিস বিল্ডিংয়ে কোনও আপৎকালীন প্রস্থানের ব্যবস্থা ছিল না। রাত পর্যন্ত অনেকেরই খোঁজ মেলেনি। আহতের সংখ্যা পৌঁছেছে পঞ্চাশে। পুলিশের দাবি, প্রথমতলার রাউটার এবং সিসিটিভি নির্মাতা সংস্থার অফিস থেকে আগুন লাগে এবং অল্প সময়েই তা তিনতলা পর্যন্ত গ্রাস করে ফেলে।

“

**হাজার হাজার বছর ধরে ভারতের ইতিহাসে প্রতিটি ধর্মই প্রস্ফুটিত ও বিকশিত হয়েছে। ভারতীয় জনতা পার্টি সব ধর্মকেই সম্মান করে। কোনও ধর্মের পূজনীয় ব্যক্তিদের অপমানকে বিজেপি প্রশ্রয় দেয় না। কোনও ধর্ম-সম্প্রদায়ের আবেগে আঘাত করে এমন কোনও মতাদর্শকে বিজেপি স্বীকৃতি দেয় না। দেশের সংবিধানও প্রত্যেক নাগরিকের থেকে সহ-ধর্মের সম্মান প্রত্যাশা করে।**

”

**বিজেপি-র কেন্দ্রীয় নেতৃত্বের প্রেস বিবৃতি**

বিজেপি-র জাতীয় মুখপাত্র নূপুর শর্মার পয়গম্বর সম্পর্কে নিন্দনীয় মন্তব্য ঘিরে পশ্চিম এশিয়ার ইসলামি রাষ্ট্রগুলিতে নিন্দার ঝড় এবং কূটনীতিক স্তরে কড়া সমালোচনা সামাল দিতে গিয়ে

**কলকাতা হাইকোর্টে নতুন তিন** বিচারপতি নিয়োগ করল কেন্দ্র। বর্তমানে হাইকোর্টেই রেজিস্ট্রার জেনারেল পদে থাকা অনন্যা বন্দ্যোপাধ্যায়, উত্তর ২৪ পরগনার জেলা জজ রাই চট্টোপাধ্যায় ও শুভেন্দু সামন্তকে হাইকোর্টে অতিরিক্ত বিচারপতি হিসেবে নিয়োগ করা হয়েছে। প্রায় এক বছর পরে আবার নতুন তিনজনকে কলকাতা হাইকোর্টে বিচারপতি পদে নিয়োগের ফাইলে সই করলেন রাষ্ট্রপতি। ফলে বর্তমানে হাইকোর্টে বিচারপতির সংখ্যা বেড়ে হল ৪০। যদিও ৭২টি পদের মধ্যে ৩২টি এখনও ফাঁকাই রইল।

**শ্রীলঙ্কার সঙ্কটে হাল ধরতে আসা নতুন** প্রধানমন্ত্রী রনিল বিক্রমসিংঘে চার সদস্যের শপথের মধ্যে দিয়ে মন্ত্রিসভা গঠনের কাজ শুরু করলেন। তবে অধিকাংশ বিরোধী দলই জানিয়েছে বিক্রমসিংঘের সরকারে তারা যোগ না দিলেও বাইরে থেকে আর্থিক নীতি সমর্থন করবে। অন্যদিকে, প্রতিবাদীদের উপর হামলায় ন'জনের মৃত্যুর ঘটনায় প্রাক্তন প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষে এবং আরও ছ'জনের গ্রেপ্তারির দাবিতে আদালতে মামলা হয়েছে।

**জম্মু-কাশ্মীরে গণইস্তফার হুমকি দিলেন** সে রাজ্যে সরকারি পদে কর্মরত কাশ্মীরি পণ্ডিতরা। নব্বইয়ের দশকে সন্ত্রাসের আতঙ্কে ভূস্বর্গ ছেড়ে যেতে বাধ্য হয়েছিলেন তাঁরা। কিন্তু ২০১০ সালে পুনর্বাসনে চাকরি, বাসস্থান দিয়ে তাঁদের রাজ্যে ফিরিয়ে আনে সরকার। কিন্তু গত অক্টোবর থেকে সেখানে একের পর এক কাশ্মীরি পণ্ডিত, পরিযায়ী শ্রমিকদের টার্গেট করে খুন করা হয়েছে। এই অবস্থায় কাশ্মীরি পণ্ডিতদের সংগঠনের বক্তব্য, 'পারস্পরিক বিশ্বাস ফিরিয়ে আনার লক্ষ্যেই এই পুনর্বাসন দেওয়া হয়েছিল, কিন্তু বিশ্বাস তো দূরের কথা আমরা কাশ্মীরে থাকতেই ভরসা পাচ্ছি না।'

**ফেসবুক লাইভ করে দল ছাড়ার ঘোষণা** করলেন প্রবীণ কংগ্রেস নেতা তথা পাঞ্জাব কংগ্রেসের প্রাক্তন সভাপতি সুনীল জাখর। দলবিরোধী কাজ ও শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তাঁকে আগেই শাস্তিমূলক নোটিস পাঠানো হয়েছিল। দলের সব পদ থেকে তাঁকে সরানোও হয়। তারই পাল্টা তিনি দল ছাড়ার ঘোষণা করলেন বলে মনে করছে রাজনৈতিক মহল।

**১৫ মে** ডিওয়াইএফআইয়ের নতুন সাধারণ সম্পাদক হলেন হিমঘ্নরাজ ভট্টাচার্য। সংগঠনের সর্বভারতীয় সম্মেলন থেকেই নির্বাচিত হলেন তিনি। সর্বভারতীয় সভাপতি পদে থাকলেন কেরলের যুবনেতা, রাজ্যসভার সাংসদ এ এ রহিম-ই। সংগঠনের ১৮ জনের নতুন কেন্দ্রীয় সম্পাদক মণ্ডলীতে বাংলা থেকে জায়গা পেলেন মীনাক্ষী মুখোপাধ্যায়, ধ্রুবজ্যোতি সাহা ও বিকাশ ঝা।

## ত্রিপুরায় ইস্তফা বিপ্লবের



**১৪ মে:** ত্রিপুরার মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিলেন বিপ্লব দেব। বিজেপি শীর্ষ নেতৃত্বের নির্দেশেই ইস্তফা দিলেন তিনি। তাঁকে সরিয়ে দিয়ে রাজ্যসভার সাংসদ ও রাজ্য বিজেপি-র সভাপতি মানিক সাহাকে ত্রিপুরার মুখ্যমন্ত্রী করার সিদ্ধান্ত নিল দল। ত্রিপুরার বিধানসভা নির্বাচনের ঠিক ১০ মাস আগে মুখ্যমন্ত্রী বদলকে ঘিরে দলের অন্তর্দ্বন্দ্ব প্রকাশ্যে এসে পড়েছে বলে বিরোধী রাজনৈতিক দলগুলি দাবি করেছে। বিপ্লব ইস্তফা দেওয়ার পর বলেছেন, 'সামনে ভোট। পার্টি চায় সংগঠনে দায়িত্ববান কার্যকর্তাদের নিয়ে আসতে। আমার মতো কার্যকর্তা সংগঠনে কাজ করলে পার্টি লাভবান হবে।'

**অষ্টাদশ শতকের তামিলনাড়ুর খ্রিস্টান** সন্ন্যাসী দেবসায়ামকে 'সেন্ট' (সন্ত) হিসেবে ঘোষণা করল ভ্যাটিকান। এদিন এক অনুষ্ঠানে পোপ ফ্রান্সিস তাঁকে সন্ত হিসেবে ঘোষণা করেন। ১৭৪৫ সালে তিনি খ্রিস্ট ধর্ম গ্রহণ করেন দক্ষিণ ভারতের ত্রিবাঙ্কুরে। জাতপাতের বৈষম্যের বিরুদ্ধে তিনি লড়াই করেন। এজন্য তাঁকে বিচারে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেওয়া হয়। দীর্ঘ প্রক্রিয়ার পরে ২০১২ সালে ভ্যাটিকান তাঁকে শহিদ হিসেবেও স্বীকৃতি দেয়।

**দক্ষিণ-পূর্ব এশিয়ার রাষ্ট্রগুলির** পরিকাঠামো, পরিবেশ, সমুদ্রপথে নিরাপত্তাকে চাঙ্গা করতে ১৫ কোটি ডলার বিনিয়োগের কথা ঘোষণা করল জো বাইডেন প্রশাসন। বর্তমান ভূ-রাজনৈতিক পরিস্থিতিতে এই অঞ্চলে বিপুল মার্কিন বিনিয়োগের সিদ্ধান্ত যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে মনে করছে কূটনৈতিক মহল। তাদের মতে টোকিয়োতে 'চতুর্দেশীয়' অক্ষ 'কোয়াড'-এর শীর্ষ সম্মেলনের আগে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নিজেদের আধিপত্য বাড়ানো এবং চিনের প্রভাবকে খর্ব করার লক্ষ্যেই সক্রিয় হয়েছে ওয়াশিংটন। মার্কিন প্রেসিডেন্ট বাইডেন এই সিদ্ধান্ত নেওয়ার আগে আসিয়ানভুক্ত দেশগুলির নেতাদের সঙ্গে বৈঠক করেছেন বলে জানা গিয়েছে।

**১৭ মে** হাওড়ার ছাত্রনেতা আনিস খানের মৃত্যুর ঘটনায় পুলিশের গাফিলতি আদালতে কার্যত মেনে নিল রাজ্য সরকার। এদিন কলকাতা হাইকোর্টে বিচারপতি রাজাশেখর মান্থার এজলাসে এই মামলার শুনানিতে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল (এজি) সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায় জানান, পুলিশের গাফিলতি ছিল। তবে আনিসকে খুন করার উদ্দেশ্য পুলিশের ছিল না। পড়ে গিয়েই যে আনিসের মৃত্যু হয়েছে, সে কথা জানিয়েছেন এজি। তল্লাশির পদ্ধতিও যে ঠিক ছিল না তাও কার্যত মেনে নিয়েছেন তিনি।

## শ্রীলঙ্কার নতুন প্রধানমন্ত্রী হলেন রনিল



**১২ মে:** বিক্ষোভে উত্তাল শ্রীলঙ্কায় তিনবারের প্রাক্তন প্রধানমন্ত্রী রনিল বিক্রমসিংঘেই ফের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন। কঠিন পরিস্থিতিতে বর্ষীয়ান ইউএনপি (ইউনাইটেড ন্যাশনাল পার্টি) নেতার উপরই ভরসা রাখলেন প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে। একদিন আগেই তিনি ঘোষণা করেছিলেন এক সপ্তাহের মধ্যে নতুন প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভা ঘোষণা করবেন তিনি। শপথগ্রহণের পর বিক্রমসিংঘের দাবি, 'অর্থনীতিকে ঘুরে দাঁড় করানোর চ্যালেঞ্জ নিয়েছি। তা পূরণ করবই।' উল্লেখ্য, বিরোধীদের দাবি ছিল, রাজাপক্ষে পরিবারের কেউ প্রধানমন্ত্রী হলে সরকারের পাশে থাকবে না তারা।

**১৬ মে** এবছর চারধাম যাত্রা শুরু হওয়ার পর থেকে বিগত কয়েকদিনে ৩৯ জন তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে বলে জানালেন উত্তরাখণ্ড স্বাস্থ্য দপ্তরের ডিরেক্টর জেনারেল শৈলজা ভট্ট। অসুস্থ অবস্থায় তীর্থযাত্রায় না বেরনোর জন্যও অনুরোধ জানিয়েছেন তিনি। অন্যদিকে, যাত্রাপথে চিকিৎসা-সহ বিভিন্ন পরিষেবার উপযুক্ত ব্যবস্থা না করার জন্য উত্তরাখণ্ডের বিজেপি সরকারের দিকে অভিযোগের আঙুল তুলেছে কংগ্রেস।

**জম্মু-কাশ্মীরের প্রস্তাবিত আসন** পুনর্বিন্যাস নিয়ে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি)-র বক্তব্যের তীব্র সমালোচনা করল ভারত। বিদেশমন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী বলেন, 'ভারতের অভ্যন্তরীণ বিষয় নিয়ে ওআইসি-র সম্পাদকমণ্ডলী ফের অনভিপ্রেত মন্তব্য করেছে। ওই বক্তব্যকে আমরা খারিজ করছি। জম্মু-কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ।' এদিন সকালেই একগুচ্ছ টুইট করে জম্মু-কাশ্মীরের প্রস্তাবিত আসন পুনর্বিন্যাস নিয়ে উদ্বেগ জানিয়েছিল ওআইসি।

**৩০ বছর পর কোনও মহিলা প্রধানমন্ত্রী** পেল ফ্রান্স। ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাকরঁ সে দেশের শ্রমমন্ত্রী এলিজাবেথ বোর্নকে প্রধানমন্ত্রী হিসেবে বেছে নিলেন। ৬১ বছর বয়সি বোর্ন রাজনীতিতে আসার আগে ছিলেন সে দেশের কূটনীতিক।

## প্রয়াত অ্যান্ড্রু সাইমন্ডস



**১৫ মে:** মাত্র ৪৬ বছর বয়সে গাড়ি দুর্ঘটনায় প্রয়াত হলেন প্রাক্তন অস্ট্রেলীয় অলরাউন্ডার অ্যান্ড্রু সাইমন্ডস। অস্ট্রেলিয়ার স্থানীয় সময় রাত সাড়ে দশটা নাগাদ নিজেই গাড়ি চালাচ্ছিলেন সাইমন্ডস। নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি উল্টে গেলে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। দেশের হয়ে ২৬টি টেস্ট, ১৯৮টি একদিনের ম্যাচ এবং ১৪টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন তিনি। টেস্টে ১৮২৬ রান ও ২৪ উইকেট নিয়েছেন। একদিনের ম্যাচে ৫০৮৮ রান করেছেন, উইকেট ১৩৩।

## টমাস কাপ জিতল ভারত



**১৫ মে:** ব্যাডমিন্টনের আন্তর্জাতিক প্রতিযোগিতা টমাস কাপ জিতল ভারত। ব্যাংককে আয়োজিত প্রতিযোগিতা জিতে ভারত প্রথমবার টমাস কাপ জেতার নজির তৈরি করল। ভারতীয় ব্যাডমিন্টন দলের কোচ বিমল কুমার এই জয়ের সঙ্গে তিরাশির বিশ্বকাপ জয়ের তুলনা করলেন। এবারের টমাস কাপের ফাইনালে ইন্দোনেশিয়ার ডাবলস দলও ছিল দুরন্ত। টমাস কাপে তারা ১৪ বারের চ্যাম্পিয়ন। অন্যদিকে একবারও খেতাব না জেতা ভারত ডার্ক হর্স হিসেবেই প্রতিযোগিতায় বাজিমাত করল।

# 1339+ COMPANIES
# 12362+ JOB OFFERS
# 1,00,00,000 (1 Cr) PER ANNUM

SRM
INSTITUTE OF SCIENCE & TECHNOLOGY
(Deemed to be University u/s 3 of UGC Act, 1956)
KATTANKULATHUR

## Unique Placement in India '21-'22

**SRMIST is proud that Puranjay Mohan, Department of Electronics & Instrumentation, Batch 2018-2022 has been placed at Amazon Germany with 1 Cr PA.**



Hearty Congratulations



## BE A PART OF THE SRMIST REVOLUTION, SRMJEEE - 2022

APPLY NOW

**Application Deadline:** 20th June 2022
**Exam Dates:** 25th and 26th June 2022
**Website:** www.srmist.edu.in
**Helpdesk:** 080 69087000
**Email:** admissions.india@srmist.edu.in

SRMUniversityOfficial
SRM_Univ
srmuniversityofficial
SRM IST Chennai

# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৫৬৩৬

*প্রথম পাতার পর*

ডিজেল মেকানিক: ২০০টি। ইলেক্ট্রিশিয়ান: ৬০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক: ৩৫টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২৫টি।

ডিপার্টমেন্ট: টিডি এইচ ডব্লু এস (মেকানিক্যাল): মেশিনিস্ট: ৫টি। ওয়েল্ডার: ১০টি। ফিটার: ১০টি। ইলেক্ট্রিশিয়ান: ৫টি। রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক: ১০টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ১২৫টি। লাইনম্যান: ৩৩টি।

ডিপার্টমেন্ট: সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইন্টেন্যান্স: ৬০টি।

ডিপার্টমেন্ট: ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার: ৩৫টি। প্লাম্বার: ১৫টি। ম্যাসন: ১০১টি। পেইন্টার: ২০টি।

মোট আসনের মধ্যে ৩৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৯২টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**রঙ্গিয়া ডিভিশন:** ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: ওয়েল্ডার: ৩০টি। ফিটার: ৭০টি। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক: ২০টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ১৪০টি। লাইনম্যান: ৩১টি।

ডিপার্টমেন্ট: সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইন্টেন্যান্স: ৬০টি।

ডিপার্টমেন্ট: ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার: ৩৫টি। প্লাম্বার: ১৫টি। ম্যাসন: ৯০টি। পেইন্টার: ৩০টি।

মোট আসনের মধ্যে ২২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫৫টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**লামডিং ডিভিশন:** ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: মেশিনিস্ট: ৩০টি। ওয়েল্ডার: ৫০টি। ফিটার: ১২০টি। ডিজেল মেকানিক: ১০০টি। ইলেক্ট্রিশিয়ান: ৬০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক: ৪০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক ২৫টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ১০২টি। লাইনম্যান: ২১টি।

ডিপার্টমেন্ট: গুয়াহাটি রেলওয়ে স্টেশন: ইলেক্ট্রিশিয়ান/টি আর ডি: ৫০টি।

ডিপার্টমেন্ট: সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইন্টেন্যান্স: ১০০টি।

ডিপার্টমেন্ট: সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ/এম এল জি (পি এন ও): ফিটার: ৪০টি। মেশিনিস্ট: ৪০টি। ইলেক্ট্রিশিয়ান: ৪০টি। ওয়েল্ডার: ৪০টি। কার্পেন্টার: ৪০টি। পেইন্টার: ৪০টি।

ডিপার্টমেন্ট: ইঞ্জিনিয়ারিং: ম্যাসন: ৮০টি। কার্পেন্টার: ৩৫টি। প্লাম্বার: ১০টি। পেইন্টার: ৫৭টি।

ডিপার্টমেন্ট: ট্র্যাক মেশিন/এম এল জি: ওয়েল্ডার: ২০টি।

মোট আসনের মধ্যে ৪৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১১৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**তিনসুকিয়া ডিভিশন:** ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: মেশিনিস্ট: ২০টি। ওয়েল্ডার: ৫০টি। ফিটার: ১১০টি। ডিজেল মেকানিক: ৪০টি। ইলেক্ট্রিশিয়ান: ৬০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক: ৩০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২৫টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ৮১টি। লাইনম্যান: ২১টি।

ডিপার্টমেন্ট: সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইন্টেন্যান্স: ৬০টি।

ডিপার্টমেন্ট: ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার: ২০টি। প্লাম্বার: ১০টি। পেইন্টার: ২০টি।

মোট আসনের মধ্যে ২২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫৫টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপ ডিভিশন:** ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: মেশিনিস্ট: ৪০টি। ওয়েল্ডার: ১৫০টি। ফিটার: ৩০০টি। কার্পেন্টার: ১৮টি। ডিজেল মেকানিক: ৪০টি। ইলেক্ট্রিশিয়ান: ১৩৫টি। পেইন্টার: ৮টি। টার্নার: ২০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক: ৬০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৭০টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ৪৬টি।

ডিপার্টমেন্ট: ই ডব্লু এস/বি এন জি এন: ওয়েল্ডার: ৬০টি। মেশিনিস্ট: ৬২টি। ফিটার স্ট্রাকচারাল: ৩০টি। ফিটার: ২৫টি। মেশিনিস্ট (গ্রাইন্ডার): ৩৮টি। ইলেক্ট্রিশিয়ান: ৮টি।

মোট আসনের মধ্যে ৪৪টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১১১টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিব্রুগড় ওয়ার্কশপ ডিভিশন:** ডিপার্টমেন্ট: মেকানিক্যাল: মেশিনিস্ট: ৪০টি। ওয়েল্ডার: ১৫০টি। ফিটার: ৩০০টি। কার্পেন্টার: ১৭টি। ইলেক্ট্রিশিয়ান: ১৩৫টি। পেইন্টার: ৭টি। টার্নার: ২০টি। রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক: ৬০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৭০টি।

ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ৪৮টি।

মোট আসনের মধ্যে ৩৪টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৮৫টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-৪-২০২২ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfr.indianrailways.gov.in আবেদনের শেষ তারিখ ৩০ জুন। যে-কোনও একটি ইউনিটের জন্য আবেদন করবেন। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার নথিপত্র, ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইনে আবেদন সাবমিটের পর সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৭৬

## স্টোর কিপার ও মাল্টি স্কিল্ড ওয়ার্কার

*প্রথম পাতার পর*

স্টোর কিপার টেকনিক্যাল: ৩৭৭টি (সাধারণ ১৫৭, তফসিলি জাতি ৫৩, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ১০৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩৮)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ভেহিক্যলস বা ইঞ্জিনিয়ারিং ইক্যুইপমেন্ট সংক্রান্ত স্টোর কিপিং বিষয়ে জ্ঞান থাকতে হবে। স্টোর্স এস্টাব্লিশমেন্টের কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা, ডিফেন্স সার্ভিসের নিয়মানুসারে স্টোরম্যান টেকনিক্যাল ক্লাস-টু কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

সব ক্ষেত্রেই ১২-৭-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৫৭ সেমি (গোর্খা এবং দার্জিলিং ও কালিম্পংয়ের পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি। ন্যূনতম ওজন হতে হবে ৫০ কেজি (গোর্খা এবং দার্জিলিং ও কালিম্পংয়ের পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৪৭.৫ কেজি)।

**দৃষ্টিশক্তি:** উভয় চোখে ৬/১২ অথবা ডান চোখে ৬/৬ ও বাঁ চোখে ৬/২৪। বর্ণান্ধতা রোগ থাকা চলবে না। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল বা ট্রেড টেস্ট এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। সবশেষে নেওয়া হবে মেডিক্যাল এক্সামিনেশন। পরীক্ষাকেন্দ্র পুনে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১০ মিনিটে ১ মাইল দৌড়।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bro.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓ই-রিসিপ্টের কপি।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেটের জন্য যথাযথ ভাবে পূরণ করা অ্যাপেন্ডিক্স 'ডি'।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের জন্য যথাযথ ভাবে পূরণ করা যথাক্রমে অ্যাপেন্ডিক্স 'বি' ও 'সি' (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রাক্তন সমরকর্মী এবং সমরকর্মীর পরিবারের সদস্যদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓যথাযথ ভাবে পূরণ করা অ্যাডমিট কার্ড।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF ______ Category UR/SC/ST/OBC/EWSs/ESM/CPL, WEIGHTAGE PERCENTAGE IN ESSENTIAL QUALIFICATION ______.'

১২ জুলাইয়ের মধ্যে অ্যাকনলেজমেন্ট-সহ রেজিস্ট্রি ডাকের মাধ্যমে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Commandant, GREF CENTRE, Dighi Camp, Pune - 411 015. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


ইংস্টীট্যূট ऑफ बैंकिंग पर्सोनेल सिलेक्शन

INSTITUTE OF BANKING PERSONNEL SELECTION

(An autonomous body set up by Reserve Bank of India, Central Financial Institutions and Public Sector Banks)

In assessment, India trusts us

Website: www.ibps.in

In case of queries / complaints please log in to https://cgrs.ibps.in/

COMMON RECRUITMENT PROCESS FOR RECRUITMENT OF OFFICERS (SCALE-I, II & III) AND OFFICE ASSISTANTS (MULTIPURPOSE) IN REGIONAL RURAL BANKS (RRBs) - CRP RRBs XI

The online examinations for the next Common Recruitment Process for RRBs (CRP RRBs XI) for recruitment of Group "A"-Officers (Scale-I, II & III) and Group "B"-Office Assistant (Multipurpose) will be conducted by the Institute of Banking Personnel Selection (IBPS) tentatively in August and September/ October 2022. The interviews for recruitment of Group "A"- Officers (Scale-I, II & III) under the same process will be coordinated by the Nodal Regional Rural Banks with the help of NABARD and IBPS in consultation with appropriate authority tentatively in the month of November 2022.

Candidates, intending to apply for CRP RRB – XI should ensure that they fulfil the minimum eligibility criteria on the stipulated date as specified in the detailed notification issued and hosted on authorised website by IBPS.

| Activity | Tentative Dates |
|---|---|
| Online registration including Edit/ Modification of Application & Payment of Application Fees/Intimation Charges | 07.06.2022 to 27.06.2022 |
| Conduct of Pre-Exam Training (PET)* | 18.07.2022 to 23.07.2022 |
| Online Examination – Preliminary | August, 2022 |
| Result of Online exam – Preliminary | September 2022 |
| Online Examination – Main / Single | September/October 2022 |

* In case it is possible and safe to hold PET

Candidates are advised to regularly keep in touch with the authorised IBPS website www.ibps.in for details and updates.

**Before registering online candidates are advised to read the detailed notification carefully and follow the instructions mentioned therein.**

**Mumbai**

**Date: 07.06.2022** **Director**






LOOKING FOR EXPERIENCED PROFESSIONALS FOR ENGAGEMENT AS

EXECUTIVE CORPORATE COMMUNICATION | EXECUTIVE ASH MANAGEMENT | EXECUTIVE OPERATION & IT

**NTPC Limited** is India's largest integrated energy company with installed capacity of 69,016 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

NTPC is looking for **experienced professionals** on **fixed term basis as per details** given below:

| Name of the Post | No. of Post | Qualification & Experience |
|---|---|---|
| Executive (Corporate Communication) | 02 | Post Graduate Degree or Post Graduate Diploma in Communication/ Advertising & Communication Management/ Public Relations/ Mass Communication/ Journalism. **Required Experience: Minimum 10 years** |
| Executive (Ash Management) | 01 | B.E. / B.Tech. in Civil engineering, **Required Experience: Minimum 02 years** |
| Executive (Operation & IT) | 01 | Masters in Operation & IT Management or M.Sc./ M.Tech in Computer Science / IT, **Required Experience: Minimum 03 years** |

Visit our website **careers.ntpc.co.in** or careers section at **www.ntpc.co.in** for viewing detailed eligibility criteria, experience requirement, upper age limit, tenure of engagement, monthly remunerations, other terms & conditions and for applying. Only online mode of application will be accepted. **The online application portal will remain open from 03.06.2022 to 17.06.2022**. Any further addendum/ corrigendum/updates will only be published on our website.

Advt. No.-14/22

एनटीपीसी NTPC | **NTPC Limited** (A Govt. of India Enterprise) www.ntpc.co.in | NTPC Bhawan, SCOPE Complex, Institutional Area, Lodhi Road, New Delhi - 110003

*Leading the Power Sector*



SBI

ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ফ্যাক্স: 022-22820411

স্থায়ী বিশেষজ্ঞ ক্যাডার অফিসারদের নিয়োগ

নিম্নলিখিত পদগুলির জন্য স্থায়ী ভিত্তিতে ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে:

| ক্রমিক নম্বর | পদ | শূন্যপদ | গ্রেড / স্কেল | বিজ্ঞাপন নম্বর |
|---|---|---|---|---|
| 1. | রিস্ক স্পেশালিস্ট-সেক্টর | 5 | এমএমজিএস-II | CRPD/SCO/ 2022-23/10 |
| 2. | রিস্ক স্পেশালিস্ট-সেক্টর | 2 | এমএমজিএস-III | |
| 3. | রিস্ক স্পেশালিস্ট-ক্রেডিট রিস্ক | 1 | | |
| 4. | রিস্ক স্পেশালিস্ট-ক্লাইমেট রিস্ক | 1 | | |
| 5. | রিস্ক স্পেশালিস্ট-আইএনডি এএস | 3 | | |
| 6. | রিস্ক স্পেশালিস্ট-মার্কেট রিস্ক | 2 | | |

যোগ্যতার মানদণ্ড (যোগ্যতা, অভিজ্ঞতা, কাজের প্রোফাইল ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিশদ বিবরণের জন্য ব্যাঙ্কের ওয়েবসাইট https://bank.sbi/web/careers-এ লগ ইন করুন। অনলাইনে আবেদন জমা দেওয়ার পাশাপাশি আবেদনের অনলাইন অর্থপ্রদানের দিকে ফি পাঠানোর আগে, বিশদে বিজ্ঞাপন পড়ে যোগ্যতা এবং অন্যান্য বিবরণ নিশ্চিত করে নিন।

- **অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 27.05.2022 থেকে 16.06.2022 পর্যন্ত।**

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক "CONTACT US" —> "Post Your Query"-এ লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 27.05.2022 মহাপ্রবন্ধক

